অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইউটিকায় 43 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

আর্টস্পেস ইউটিকা লফটস শহরের বিকাশমান শিল্প ও সাংস্কৃতিক জেলার স্থানীয় শিল্পীদের জন্য আবাসন ও গ্যালারি স্পেস প্রদান করবে

ডাউনটাউনে মিশ্র ব্যবহারের সাশ্রয়ী আবাসন বিকল্প সম্প্রসারণ করার মাধ্যমে ইউটিকার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ কৌশলের সম্পূরক হিসেবে কাজ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন ইউটিকায় 43 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরু হয়েছে। আর্টস্পেস ইউটিকা লফটস স্থানীয় শিল্পীদের জন্য শক্তি দক্ষ অ্যাপার্টমেন্ট প্রদান করবে এবং এর মধ্যে প্রায় 800 বর্গফুট গ্যালারি স্পেস প্রদান করা হবে। ডেভেলপমেন্টটি শহরের 10 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক স্টেট ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative, DRI) অর্থপ্রাপ্তির অংশ হিসেবে মিশ্র ব্যবহারের সাশ্রয়ী আবাসন বিকল্প সম্প্রসারিত করতে শহরের লক্ষ্যকে আরো অগ্রসর করে।

"বাসা বলার মতো স্থান থাকা, প্রতি রাতে ফেরার মতো একটি নিরাপদ স্থান রয়েছে তা নিশ্চিত থাকা প্রত্যেকের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "আর্টস্পেস ইউটিকা লফটস শুধু ডাউনটাউন ইউটিকায় আমাদের চলমান বিনিয়োগের অনুবর্তী নয়, এটি আমাদের স্টেটের আবাসন লক্ষ্যকেও অগ্রসর করতে কাজ করবে। ডেভেলপমেন্টটি হলো স্টেট এবং শহরের কর্মকর্তাদের মধ্যকার দৃঢ় অংশীদারিত্বের প্রমাণস্বরূপ, এবং একত্রে কাজ করে আমরা ইউটিকায় জীবনযাপনের মান ও হাঁটার উপযোগিতা বৃদ্ধি করতে পারবো এবং একই সাথে প্রতিভাবান ও বৈচিত্র্যময় জনগোষ্ঠীর শিল্পীদের জন্য নিরাপদ, সাশ্রয়ী, এবং টেকসই বাসা প্রদান করতে পারবো।"

বিগত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ইউটিকায় 1,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। আর্টস্পেস ইউটিকা লফটস (Artspace Utica Lofts) এই প্রয়াসকে অব্যাহত রাখে এবং এছাড়াও এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) একটি অংশ যা পুরো নিউ ইয়র্কে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল

জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

ইউটিকার শিল্প ও সাংস্কৃতিক জেলা (Arts and Cultural District) এবং DRI অভীষ্ট এলাকায় অবস্থিত পার্ক অ্যাভিনিউয়ের তিনটি খালি পড়ে থাকা লটে আর্টস্পেস ইউটিকা লফটস নির্মিত হবে। সাইটটি কেন্দ্রীয়ভাবে স্ট্যানলি সেন্টার ফর দ্য আর্টস (Stanley Center for the Arts) এবং মানসন-উইলিয়ামস-প্রক্টর আর্টস ইনস্টিটিউটের (Munson-Williams-Proctor Arts Institute) মাঝখানে অবস্থিত। সম্পত্তির পশ্চিম প্রান্তের সংলগ্নে, একটি নতুন সরকারি ওয়াকওয়ে/লিনিয়ার পার্ক নির্মিত হবে যা কিং স্ট্রিটের সংলগ্নে শহরের পরিকল্পিত নতুন সরকারি ইভেন্ট স্পেসের সাথে সংযুক্ত হবে।

43টি অ্যাপার্টমেন্টের সবগুলি এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 40 থেকে 80 শতাংশের মধ্যে উপার্জন করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে এবং এগুলি শিল্পী এবং অন্যান্য যোগ্য ব্যক্তি ও পরিবারের জন্য থাকবে। শিল্পীদের একটি বৈচিত্র্যময় সম্প্রদায় নিশ্চিত করার জন্য, বৈচিত্র্যময় সাংস্কৃতিক ব্যাকগ্রাউন্ড ও জাতিগত উৎসের শিল্পীদের প্রতি একটি উদ্দেশ্যপ্রণোদিত আউটরিচ সম্পাদন করতে আর্টস্পেস দ্য সেন্টারের (পূর্বে মোহক ভ্যালি রিসোর্স সেন্টার ফর রিফিউজিস (Mohawk Valley Resource Center for Refugees)) সাথে কাজ করবে।

চারতলা ভবনটি নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ আবাসন কর্মসূচির (New Construction – Housing program) আবশ্যিকতা পূরণের জন্য নকশা করা হয়েছে। সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনটিতে থাকবে উত্যক্ত শক্তি দক্ষ হিটিং, এয়ার কন্ডিশনিং এবং ভেন্টিলেশন ব্যবস্থা, এবং সেই সাথে নতুন প্লাম্বিং ফিক্সচার এবং বাতির ব্যবস্থা। প্রকল্পটিতে চারটি বৈদ্যুতিক যানবাহন চার্জিং পোর্ট এবং ভবিষ্যতে সম্প্রসারণের জন্য চারটি বৈদ্যুতিক যানবাহন চার্জিং-রেডি সংযোগ অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও ভবনটি সবুজ অবকাঠামো অনুশীলন ব্যবহার করবে যেমন ঝড়ের পানির প্রবাহ সংগ্রহ ও পরিশোধনের জন্য বায়োরিটেনশন বেসিন ও পার্মিবল পেভার্স।

নির্মাতা ও মালিক হিসেবে আর্টস্পেস প্রোজেক্টস, ইনকর্পোরেটেড (Artspace Projects, Inc.) এবং কনসালটেন্ট হিসেবে ক্যালোগেরো পার্টনার্সকে (Calogero Partners) নিয়ে নির্মাণ দলটি গঠিত হয়েছে

18.6 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে আছে 10.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্টেট নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) এবং HCR থেকে 3.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ আর্টস (Council of Arts) 1.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। প্রকল্পটি ইউটিকার DRI তহবিল থেকে 650,000 মার্কিন ডলার অনুদান দ্বারা সমর্থিত হবে। NYSERDA 172,00 মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছে। ইউটিকা সিটি আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইন (American Rescue Plan Act) তহবিল থেকে 700,000 মার্কিন ডলার প্রদান করেছে।

HCR কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আর্টস্পেস ইউটিকা লফটস ডাউনটাউন ইউটিকার ক্রমবর্ধমান এবং বৈচিত্র্যময় সৃজনশীল শিল্প সম্প্রদায়কে সমর্থন করার জন্য 43টি সাশ্রয়ী বাসা ও গ্যালারি স্পেস প্রদান করবে। এটি এবং অন্যান্য ডেভেলপমেন্টে স্টেটের বিনিয়োগ, 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের সাথে মিলিত হয়ে একযোগে একটি বৈচিত্র্যময়, প্রাণবন্ত, এবং স্বাগত শহর হিসেবে ইউটিকার সুনাম আরো বলীয়ান করা অব্যাহত রাখা নিশ্চিত করবে। এটি এবং অন্যান্য বহু প্রকল্পে মেয়র পালমিয়েরির অংশীদারিত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং তার দায়িত্বকালের বহু অর্জনের জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। এবং আকর্ষণীয় এই প্রকল্পকে বাস্তবে পরিণত করার জন্য আর্টস্পেস প্রোজেক্টস, ইনকর্পোরেটেডকে ধন্যবাদ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আর্টস্পেস ইউটিকা লফটসের কাজ শেষ হলে তা প্রদর্শন করবে যে এখানে বাস করা ও কাজ করা বাসিন্দাদের মান ও স্বাচ্ছন্দ্য প্রদান করা সাশ্রয়ী মিশ্র ব্যবহারের স্থান তৈরি করার ক্ষেত্রে শক্তি দক্ষতা কত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, এবং সেই সাথে তা ক্ষতিকর নিঃসরণ হ্রাস করে এবং আমাদেরকে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের কাছে নিয়ে যায়। গভর্নর হোকলের দেশসেরা পরিচ্ছন্ন শক্তি ও জলবায়ু এজেন্ডার অংশ হিসেবে, স্টেটব্যাপী নিউ ইয়র্কবাসীরা এমন বাস্তব লাভ দেখতে পাচ্ছে যা তাদের জীবনযাত্রার মান উন্নত করবে এবং শক্তি বিল কম করতে সাহায্য করবে।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি একটি বহুমুখী অর্থনৈতিক বিকাশ কর্মসূচি যা একটি পুনঃগঠন পরিকল্পনার অংশ হিসেবে ব্যবসা, চাকরি, আবাসন এবং সংস্কৃতিকে এক সুতোয় বুনে দেয় এবং সেজন্য একটি প্রাণবন্ত, বৈচিত্র্যময় এবং অন্তর্ভুক্তিকর ডাউনটাউনের বুননের জন্য শিল্প ও শিল্পীরা একটি ক্রমবর্ধমান অতি গুরুত্বপূর্ণ অংশে পরিণত হয়েছে। প্রকল্পটি যে উদ্দেশ্যপ্রনোদিতভাবে অভিবাসী এবং উদ্বাস্তুদের সাশ্রয়ী আবাসনের সুযোগ প্রদান করবে তা হলো জাতিগত বৈচিত্র্য এবং এর ক্রমবর্ধমান ডাউনটাউন আর্থসামাজিক সমতার প্রতি ইউটিকার প্রতিশ্রুতির আরো একটি প্রমাণস্বরূপ।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের প্রধান ক্যাথরিন নিকোলস বলেন, "একটি 1.27 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল প্রকল্পের অর্থদানের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস গুরুত্বপূর্ণ এই পুনঃগঠনকে সমর্থন করতে পেরে গর্বিত। এই পদক্ষেপের মতো ভিশনারি উদ্যোগসমূহ শিল্প ও সংস্কৃতির আদর্শকে প্রত্যক্ষ পদক্ষেপে পরিণত করে। এই প্রকল্পের শুরুর জন্য আমরা আর্টস্পেস ইউটিকার প্রশংসা করছি, যা চাকরি তৈরি করবে, আমাদের সম্প্রদায়সমূহকে বলীয়ান করবে এবং অঞ্চলের বাসিন্দা ও বেড়াতে আসা মানুষকে উজ্জীবিত করবে। আগামী প্রজন্মসমূহের জন্য উল্লেখযোগ্য লাভ প্রদান করা এইসব রূপান্তরকারী প্রকল্পে গভর্নর হোকল এবং আইনসভার সমর্থনের জন্য কর্মী এবং কাউন্সিলের পক্ষ থেকে আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "আর্টস্পেস ইউটিকা লফটস এলাকার শিল্পীদেরকে একটি সাশ্রয়ী শক্তি দক্ষ আবাসন বিকল্প এবং নিজেদের কাজ প্রদর্শন করার একটি নতুন স্থান প্রদান করবে। কাজ শেষ হওয়ার পর, এই প্রকল্পটি ইউটিকা, ওনিডা কাউন্টি এবং মোহক ভ্যালিতে ইতিমধ্যে হওয়া বিকাশের অনুবর্তী হবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিয়েন বাটেনস্কোন বলেন, "আর্টস্পেস ইউটিকা লফটসের কাজ শেষ হওয়া দেখতে আমি উন্মুখ।ইউটিকার শিল্প ও সাংস্কৃতিক জেলায় এইসব খালি পড়ে থাকা লটের সংজ্ঞা পরিবর্তন করে দেওয়া এবং সেই সাথে সাশ্রয়ী আবাসন ও একটি গ্যালারি এবং কমিউনিটি স্পেস তৈরি করা ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের জন্য একটি দারুণ সংযোজন হবে।নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল, গভর্নর হোকল, এবং ইউটিকা সিটির অবিচল সমর্থনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

ইউটিকার মেয়র রবার্ট এম. পালমিয়েরি বলেন, "শহরের শিল্প ইউটিকার জীবনযাত্রার মানের একটি দৃঢ় উপাদান হয়ে আছে, যেমনটি মানসন, স্কাল্পচার স্পেস (Sculpture Space), স্ট্যানলি, প্লেয়ার্স থিয়েটার (Player's Theatre), আপটাউন থিয়েটার ফর ক্রিয়েটিভ আর্টস (Uptown Theatre for Creative Arts), ফিল্ম ইউটিকা (Film Utica) এবং উল্লেখ করা হয়নি এমন বিদ্যমান আরো অনেক প্রতিষ্ঠানের দ্বারা সুস্পষ্ট।কিন্তু, শহরের ইতিহাসের প্রথমবারের মতো আর্টস্পেস ইউটিকা লফটস সব ধরনের শিল্পীদের বসবাস, কাজ ও একত্রে কাজ করার জন্য একটি বাড়ি প্রদান করবে। নির্মাণকাজ শুরুর এই ঘোষণাটি হলো বহু বছরের কঠোর পরিশ্রমের পরিণতি, যা 2016 সালে শুরু হয়েছিলো যখন স্থানীয় স্থপতি বব হেইন্স আমাদের সম্প্রদায়ে আর্টস্পেস নিয়ে আসার ধারণাটি প্রকাশ করে।ডাউনটাউন ইউটিকায় এই প্রকল্পের গুরুত্ব বুঝার জন্য এবং আজকের ঘোষণাটি সম্ভব করার জন্য অর্থায়নে অংশগ্রহণ করার জন্য আমি গভর্নর হোকল, HCR কমিশনার ভিস্নাউস্কাস এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ আর্টস এবং NYSERDA কে ধন্যবাদ জানাচ্ছি।"

আর্টস্পেসের প্রোপার্টি ডেভেলপমেন্ট পরিচালক বেকি কার্লসন সেইন্ট ক্লেয়ার বলেন, "আর্টস্পেস ইউটিকা লফটসের নির্মাণকাজ শুরু করতে পেরে আর্টস্পেস রোমাঞ্চিত।দীর্ঘদিন ধরে এর জন্য কাজ চলছিলো এবং আমরা যেসকল সমস্যার সমাধান করেছি সেক্ষেত্রে সম্প্রদায়টি আমাদের প্রতি অত্যন্ত সমর্থক ছিলো। সম্প্রদায়ভিত্তিক এই প্রকল্পটি পার্ক অ্যাভিনিউ, ডাউনটাউনকে রূপান্তরিত করবে, এবং সম্পূর্ণ শহরের জন্য লাভজনক হবে বলে আমরা বিশ্বাস করি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন